

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮২৪
আগরতলা, ৯ ফেব্রুয়ারি, ২০২৪

প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ
পুরাতন আগরতলা ব্লকে ১,৮১৪ পরিবারকে পাকা আবাস

প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পে চলতি অর্থবছরে পুরাতন আগরতলা ব্লকে ১,৮১৪ পরিবারকে পাকা আবাস নির্মাণের মঞ্জুরী দেওয়া হয়েছে। এখন পর্যন্ত ৯৪০টি পরিবারে পাকা আবাস নির্মাণের কাজ শেষ হয়েছে। প্রতিটি আবাস নির্মাণে ব্যয় হবে ১ লক্ষ ৩০ হাজার টাকা। পুরাতন আগরতলা ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
